

তারিখ --- 19 JUN 2008 ---

পৃষ্ঠা --- ৩ ---

যায়যায়দিন

বেসরকারি মেডিক্যাল কলেজের মান সংরক্ষণে বিধিমালা করার উদ্যোগ নেয়া হয়েছে : স্বাস্থ্য উপদেষ্টা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপদেষ্টা ড. এ. এম. এম শওকত আলী বলেছেন, বেসরকারি মেডিক্যাল কলেজগুলোর মান সংরক্ষণের জন্য এ বিষয়ক নীতিমালাগুলো পর্যালোচনা করে বিধিমালায় পরিণত করার উদ্যোগ নেয়া হয়েছে।

স্বাস্থ্য উপদেষ্টা গতকাল ঢাকা মেডিক্যাল কলেজের ৬২তম প্রতিষ্ঠাবার্ষিকী ও ডিএমসি ডে ২০০৮ উপলক্ষে কলেজের শহীদ জা. মিলন হলে আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

উপদেষ্টা বলেন, মেডিক্যাল ও ডেন্টাল কলেজগুলোর বিভিন্ন বিষয় নিয়ন্ত্রণকারী

প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলকে (বিএমডিসি) শক্তিশালী করতে হবে। আর এ উদ্দেশ্যে সরকার আগে প্রয়োজন একে রাজনৈতিক প্রভাবমুক্ত রাখা। দীর্ঘদিন স্থবির হয়ে থাকা বিএমডিসিকে সক্রিয় করার জন্য বিএমডিসি আইনকে সংশোধন করে কাউন্সিল পুনর্গঠনের কাজ শুরু করা হয়েছে বলে তিনি জানান।

তিনি জানান, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল চত্বরে বহুতল ভবন নির্মাণের জন্য ৫৬ কোটি ৫৩ লাখ টাকা ব্যয়ে একটি প্রকল্প নেয়া হয়েছে, যাতে হাসপাতালের শয্যা সংখ্যা আরো ৬০০টি বাড়বে। এছাড়া

কলেজের শিক্ষাক্রম সূচুভাবে পরিচালনার লক্ষ্যে ৬১ কোটি ৫৮ লাখ টাকা ব্যয়ে ১০ তলাবিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

ঢাকা মেডিক্যাল কলেজ এলামনাই ট্রাস্টের সভাপতি অধ্যাপক মির্জা মাক্কাহরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সচিব এ কে এম জাফরউজ্জ্বা বান, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. এম এ ফয়েজ, কলেজের অধ্যক্ষ অধ্যাপক কাজী দীন মোহাম্মদ এবং ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবদুস শহীদ বান। পিআইডি